টিজি – ফেম সিরিজ

(টার্গেট গ্রুপ আর্থিক সচেতনতা বার্তা)




# বিত্তীয় সাক্ষরতা



## কৃষকদের জন্য

বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

| বার্তা ১ |
|---|
| কিসান ক্রেডিট কার্ড স্কিম --প্রাথমিকভাবে ফসল সংক্রান্ত প্রয়োজন এবং আংশিকভাবে অন্যান্য খরচের জন্য |

| বার্তা ২ |
|---|
| ফসল ঋণের দ্রুত পরিশোধের বিভিন্ন সুবিধা |

| বার্তা ৩ |
|---|
| চাপে পড়ে খামার উৎপাদন বিক্রি এড়ান -- গুদামের রসিদের পরিবর্তে মূলধন জোগাড় করুন |

| বার্তা ৪ |
|---|
| ফসল বীমা প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা (পিএমএফবিওয়াই) |

| বার্তা ৫ |
|---|
| প্রাকৃতিক দুর্যোগের জন্য ফসল নষ্ট হলেও আশা ছাড়বেন না। ক্ষতিগ্রস্ত ফসলের পরিমাণ ব্যাঙ্ককে জানান ও ব্যাঙ্কের থেকে সাহায্য চান। |



কিসান ক্রেডিট কার্ড স্কিম -- প্রাথমিকভাবে ফসল সংক্রান্ত প্রয়োজন এবং আংশিকভাবে অন্যান্য খরচের জন্য

চাপে পড়ে খামার উৎপাদন বিক্রি এড়ান -- গুদামের রসিদের পরিবর্তে ফসল তোলার পর মূলধন জোগাড় করুন#

ফসল ঋণের দ্রুত পরিশোধের বিভিন্ন সুবিধা -- ইন্টারেস্ট সাবভেন্সান স্কিম*



প্রাকৃতিক দুর্যোগের জন্য ফসল নষ্ট হলেও আশা ছাড়বেন না -- ক্ষতিগ্রস্ত ফসলের পরিমাণ ব্যাঙ্ককে জানান ও ব্যাঙ্কের থেকে পুনর্গঠনের দ্বারা সাহায্য চান।

**ফসল বীমার দ্বারা নিজেকে সুরক্ষিত রাখুন -প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা (পিএমএফবিওয়াই) অন্তর্বর্তী ফসল বীমা**

* সময়ে সময়ে ভারত সরকার দ্বারা ঘষিত

# শুধুমাত্র ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য

## বার্তা ১ ঃ কিসান ক্রেডিট কার্ড স্কিম – প্রাথমিকভাবে ফসল সংক্রান্ত প্রয়োজন এবং আংশিকভাবে অন্যান্য খরচের জন্য

কিসান ক্রেডিট কার্ড স্কিম প্রাথমিকভাবে ফসল সংক্রান্ত প্রয়োজন এবং আংশিকভাবে অন্যান্য খরচের জন্য কিসান ক্রেডিট কার্ড স্কিমের উদ্দেশ্য হল কৃষকদের আকস্মিক খরচের সঙ্গে সঙ্গে উৎপাদন সংক্রান্ত আর্থিক প্রয়োজন (চাষ-আবাদের খরচ) এবং চাষ সহায়ক কাজকর্মের জন্য সময়মতো, পর্যাপ্ত পরিমাণে এবং সরল পদ্ধতির মাধ্যমে ঋণ উপলব্ধ করা।

১

ফসল উপাদনের জন্য স্বল্পমেয়াদী খরচ

২

ফসল তোলার পরের খরচ




৩


খামার উৎপাদনের মার্কেটিংয়ের জন্য ঋণ

৪

খামার সম্পত্তি এবং কৃষি সংশ্লিষ্ট কাজকর্ম যেমন দুগ্ধজাত প্রাণী, অভ্যন্তরীণ মাছ চাষ ইত্যাদির রক্ষণাবেক্ষণের জন্য চালু মূলধন


৫

কৃষক পরিবারের খরচের প্রয়োজন

৬

কৃষি ও কৃষি সংশ্লিষ্ট কাজকর্ম যেমন পাম্প সেট, স্প্রেয়ার, দুগ্ধজাত প্রাণী ইত্যাদির জন্য প্রয়োজনীয় বিনিয়োগ ঋণ

**বিঃদ্রঃ** ১ থেকে ৫ স্বল্পমেয়াদী ক্রেডিট লিমিটের অন্তর্ভুক্ত এবং ৬ দীর্ঘমেয়াদী ক্রেডিট লিমিটের অংশ।

কে সি সি অন্তর্ভুক্ত স্বল্পমেয়াদী ক্রেডিট লিমিটের ১০% পরিবারের খরচের প্রয়োজনে ব্যয় করা যায়, এর বেশী পুঁজি ব্যয় করা উচিত নয়।




## কেন ?

কেসিসি-র উদ্দেশ্য হলো কৃষি সংক্রান্ত ঋণের প্রয়োজন মেটানো এবং বিশাল অঙ্কের পুঁজি পরিবারের খরচের প্রয়োজনে ব্যয় করলে আপনার আয়ের উপাদন ক্ষমতার উপর বিরূপ প্রভাব ফেলবে। খামার সংক্রান্ত কাজকর্মের আয় আপনাকে কেসিসি-র অনাদায়ী ঋণ মেটাতে সাহায্য করে। যদি আপনি ফসল সংক্রান্ত কাজকর্ম থেকে পুঁজি অন্যত্র সরিয়ে দেন, তাহলে আপনি হয়ত ঋণ পরিশোধ করার অবস্থায় থাকবেন না।



## কেসিসি-র বৈশিষ্ট্য

১ কে সি সি ঋণ গ্রহণকারীদের এটিএম তথা ডেবিট কার্ড দেওয়া হয়, যাতে তাঁরা কেসিসি অ্যাকাউন্ট থেকে এটিএম দ্বারা টাকা তুলতে পারেন ও পিওএস টার্মিনাল দ্বারা টাকা প্রদান করতে পারেন।

২ কেসিসি একটি ঘূর্ণায়মান অ্যাকাউন্টের মতো। যদি ক্রেডিটে অব্যবহৃত পুঁজি পড়ে থাকে তাহলে তা সেভিংস ব্যাঙ্ক রেটে সুদ পায়।

১ লক্ষ টাকা অবধি ঋণে কোন জামিন লাগে না।

## বার্তা ২ ঃ ফসল ঋণের দ্রুত পরিশোধের বিভিন্ন সুবিধা


**ব্যাংক থেকে ঋণ**

২০১৭-১৮ বছরের জন্য ৩ লক্ষ টাকা অবধি স্বল্পমেয়াদী ঋণের সুদের হার ৪% (সময়ে সময়ে ভারত সরকার দ্বারা ঘোষিত ইন্টারেস্ট সাবভেন্সান স্কিম)।

**অনিয়ন্ত্রিত সংস্থা মহাজনদের থেকে ঋণ**

চড়া সুদের হার, জামিন লাগতে বা না লাগতে পারে

**ঠিক সময়ে ঋণ ও সুদ ফেরত দেবার সুবিধা**



ক্রেডিট স্কোর বৃদ্ধি
পরের বার আরো বেশী ঋণের পরিমাণ
সুদের খরচ কমান

*৪% সুদের হারের জন্য মনোনীত হবার জন্য, কৃষককে ব্যাঙ্কের দেওয়া অবধারিত মেয়াদের মধ্যে ঋণ শোধ করতে হবে ও কোনভাবেই তা এক বছর অতিক্রম করবে না।

## বার্তা ৩ ঃ চাপে পড়ে খামার উৎপাদন বিক্রি এড়ান -- গুদামের রসিদের পরিবর্তে মূলধন জোগাড় করুন

ফলন ভালো হলেও, আপনার কাজ সম্পূর্ণ হয় না। উৎপাদনকে ভালো দামে বিক্রিও করতে হবে।



**কম দামে বিক্রি করবেন না**

### গুদাম ব্যবহার করুন



যদি আপনার মনে হয় সঠিক দাম পাওয়া যাচ্ছে না তাহলে গুদামের রসিদ# নিয়ে ফলন গুদামে জমা রাখুন এবং ব্যাঙ্ক আপনাকে আশু প্রয়োজনের জন্য টাকা দেবেই -- ফলন গুদামে রাখার জন্য, কিসান ক্রেডিট কার্ড (কেসিসি) ধারক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য ইন্টারেস্ট সাবভেন্সন দেওয়া হয় যার দৌলতে গুদামের রসিদের বিনিময় ফলনের পর আরও ছ'মাসের জন্য ৭%* সুদে টাকা পাওয়া যায়।

* সময়ে সময়ে ভারত সরকার দ্বারা ঘোষিত হয় ইন্টারেস্ট সাবভেন্সান স্কিমের সাম্প্রতিকতম হার

# WDRA (ওয়্যারহাউস ডেভলপমেন্ট অ্যান্ড রেগুলেটরি অথরিটি) সঙ্গে যুক্ত গুদামগুলি থেকে পাওয়া যায়

## বার্তা ৪ ঃ ফসল বীমা প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা (পিএমএফবিওয়াই)

### সম্পূর্ণ বীমা কভার

ফসলের ক্ষতি হলে চাষিদের রোজগার স্থিতিশীল করতে ও সৃষ্টিশীল পদ্ধতিতে উৎসাহিত করতে পিএমএফবিওয়াই সম্পূর্ণ বীমা কভার প্রদান করে।

### স্বল্প দামে প্রিমিয়াম

পিএমএফবিওয়াই খুব স্বল্প প্রিময়ামে চাষিদের জন্য উপলব্ধ, যেমন রবির জন্য বীমাকৃত রাশির সর্বাধিক ১.৫%, খরিফের খাদ্য ফসল, ডাল ও তৈলবীজের জন্য সর্বাধিক ২% এবং বার্ষিক উদ্যানপালন বাণিজ্যিক ফসলের জন্য সর্বাধিক ৫%। এই স্কিম ফসল চক্রের প্রতিটি স্তরে এমনকি কিছু ক্ষেত্রে ফলনের পরে ঝুঁকির ক্ষেত্রেও বীমা সুরক্ষা দেয়।



### প্রিমিয়ামের পার্থক্য

প্রিমিয়াম ও চাষিদের বীমা বাবদ যা টাকা দেওয়া হয় তার পার্থক্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার সমানভাবে ভাগ করে নেয়।

### বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের কারণে উৎপাদনের ক্ষতি থেকে সুরক্ষা

১) প্রাকৃতিক অগ্নিকাণ্ড ২) ঝড়, শিলাবৃষ্টি, সাইক্লোন, টাইফুন, টেম্পেস্ট, হারিকেন, টরনাডো ইত্যাদি ৩) বন্যা, জল জমা এবং ভূমিস্খলন ৮) খরা, শুষ্কতা ৫) কীটরোগ ইত্যাদি, ফলনের পর ক্ষতি এবং বিজ্ঞাপিত এলাকায় বিচ্ছিন্ন খামারে স্থানীয় ঝুঁকির থেকে হওয়া ক্ষতির থেকে এই বীমা সুরক্ষা দেয়।

### নিরাপত্তার ৩টি স্তর

জায়গা বিশেষে ফসলের ঝুঁকি অনুযায়ী ক্ষতিপূরণের ৩টি স্তর, ৭০%, ৮০% এবং ৯০% সব ফসলের জন্য উপলব্ধ। ক্ষতিপূরণ আইনগত দায়িত্ব, ক্ষতি বা আর্থিক বোঝা থেকে সুরক্ষা।



**ক্ষতিপূরণ = আইনি দায়িত্ব, ক্ষতি বা আর্থিক বোঝা বিরুদ্ধে সুরক্ষা**

### ঋণ নেওয়া চাষিদের জন্য বাধ্যতামূলক

অভিত ফসলের জন্য যে চাষিরা ফসল ঋণ বা কেসিসি অ্যাকাউন্ট নিয়েছেন তাদের জন্য এই স্কিম বাধ্যতামূলক। কিন্তু যারা ঋণ নেননি বা অন্যান্যরা যাদের বীমাকৃত ফসলের জন্য বীমাযোগ্য সুদ নেওয়া আছে তাদের জন্য এই স্কিম স্বেচ্ছাধীন।

**বার্তা ৫ ঃ প্রাকৃতিক দুর্যোগের জন্য ফসল নষ্ট হলেও আশা ছাড়বেন না। ক্ষতিগ্রস্ত ফসলের পরিমাণ ব্যাঙ্ককে জানান ও ব্যাঙ্কের থেকে সাহায্য চান।**



কেন্দ্র ও রাজ্য সরকার আপনার এলাকাকে প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত বলে ঘোষণা করে দেয়, এবং ফসলের ক্ষতি যদি ৩৩%-র বেশী বলে মূল্যায়ন করে, তাহলে এটি আবশ্যিক, যে ব্যাঙ্ক আপনাকে ঋণ দিয়েছে সেই ব্যাঙ্কের শাখাতে যোগাযোগ করুন, কারণ প্রাকৃতিক দুর্যোগের জন্য আপনার ঋণ পরিশোধের ক্ষমতা দুর্বল হয়েছে।

## ব্যাঙ্ক আপনার জন্য কি করতে পারে?




আপনার স্বল্পমেয়াদী ঋণের মূল এবং সুদকে একটি মেয়াদী ঋণে রূপান্তরিত করুন।

**স্বল্পমেয়াদী ঋণ (ফসল ঋণ)**
ক্ষতি ৩৩% থেকে ৫০% অবধি হলে টাকা শোধ করার সময়সীমা সর্বাধিক ২ বছর (১ বছরের স্থগিত সীমাসুদ্ধ) পর্যন্ত ও ৫০% এর বেশী হলে শোধ করার সময়সীমা সর্বাধিক ৫ বছর (১ বছরের স্থগিত সীমাসুদ্ধ) পর্যন্ত পুনর্গঠন করা হবে।

**কৃষি ঋণ -** দীর্ঘমেয়াদী (বিনিয়োগ) ঋণ -- প্রাকৃতিক দুর্যোগের ধরন ও প্রবলতা এবং টাকা শোধ দেবার ক্ষমতা বিচার করে অবশিষ্ট মেয়াদী ঋণের কিস্তি পুনর্গঠন করা হবে।

সব পুনর্গঠনের ক্ষেত্রেই ১ বছরের স্থগিত সীমা বিবেচিত হবে। উপরন্তু ব্যাঙ্ক পুনর্গঠিত ঋণের জন্য অতিরিক্ত সমান্তরাল জামানত চাইবে না।

**যখন প্রাকৃতিক দুর্যোগের জন্য আপনার ফসল নষ্ট হয়, তখন তা ব্যাঙ্কে জানানো ও ব্যাঙ্কের থেকে সাহায্য চাওয়া আপনার দায়িত্ব।**

# লক্ষ্য-নির্দিষ্ট বিত্তীয় সাক্ষরতার উপাদান

শ্রী দীপক মহান্তি, কার্যবাহী নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, বিত্তীয় অন্তর্ভুক্তির উপর মিডিয়াম টার্ম পাথ নামাঙ্কিত কমিটির সভাপতিত্বকালীন সুপারিশ করেন ''সবার জন্য একই সাইজ'' এই রাস্তা আর্থিক শিক্ষার জন্য হয়তো আদর্শ নয় কারণ বিভিন্ন অভিষ্ট সমষ্টি-দল-এর বিভিন্ন ধরনের আর্থিক শিক্ষার প্রয়োজন। ফলত বিভিন্ন লক্ষিত দলের জন্য তথ্যের বিষয়সূচী আলাদা হওয়ার প্রয়োজন।
বিত্তীয় অন্তর্ভুক্তি এবং উন্নয়ন বিভাগ, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক সাক্ষরতার বিষয়সূচী আলাদাভাবে পাঁচটি সমষ্টির জন্য তৈরি করছে - কৃষক, ছোট উদ্যোগী, বিদ্যালয়ের ছেলেমেয়ে, স্বনির্ভর গোষ্ঠী, প্রবীণ নাগরিক। এই বইটি আর্থিক সাক্ষরতার উপর এমনই পাঁচটি বইয়ের একটি।

**ডিসক্লেমার**
পাঠকদের আথিক সাক্ষরতা প্রাপ্তির আন্তরিক লক্ষ্যে এই বইটি পড়া ও পড়ানোর জন্য প্রস্তুত করা হয়েছে। এই বইয়ের উদ্দেশ্য নয় কোন পাঠককে বর্ণিত কোন যোজনা বা পরিষেবা সম্বন্ধে প্রভাবিত করা।

কপিরাইট
প্রথম সংস্করণ, এপ্রিল ২০১৮
উৎস স্বীকার শর্তে প্রতিলিপি করাতে কোন আপত্তি নেই

লেখা এবং মুদ্রণ
বিত্তীয় অন্তর্ভুক্তি ও বিকাশ দপ্তর
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
১০ম তল, সেন্ট্রাল অফিস বিল্ডিং
শহীদ ভগত সিং মার্গ
ফোর্ট, মুম্বই

কৃতজ্ঞতা স্বীকার
ডিজাইন ঃ কৌশিক রামচন্দ্রন

**বিত্তীয় অন্তর্ভুক্তি ও উন্নয়ন বিভাগ**
**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
১০ম তল, সেন্ট্রাল অফিস
মুম্বই - ৪০০ ০০১. ভারত